# ঢাকা ঘোষণা

**প্রতিবন্ধিতা ও দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনার উপর ঢাকা ঘোষণা ১৪ ডিসেম্বর-২০১৫,**
**প্রতিবন্ধিতা ও দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক ঢাকা সম্মেলনে**
**১২-১৪ ডিসেম্বর ২০১৫, ঢাকা, বাংলাদেশে**
**গৃহীত হয়েছে**

## প্রস্তাবনা

**আমরা উদ্বিগ্ন** যে গত দশকে দুর্যোগের সংখ্যা (প্রাকৃতিক এবং মানব সৃষ্ট) বৃদ্ধির ফলে বিশ্বব্যাপী সম্পদ, জীবিকা ও প্রাণহানি বৃদ্ধি পেয়েছে। বৈশ্বিক উপাত্তের ঘাটতি থাকা সত্ত্বেও, ২০০৪-২০১৪ সালের সুনির্দিষ্ট কিছু প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, দুর্যোগের কারণে সমাজে অন্যান্যদের তুলনায় প্রতিবন্ধী মানুষদের মৃত্যুর হার ২ থেকে ৪ গুণ বেশি[১]।

তথ্য প্রমাণে প্রতীয়মান হয় যে, সকল দেশেই দুর্যোগে আক্রান্ত ব্যক্তিবর্গ, সম্পদ ও জীবিকার সুরক্ষার আমাদের সামর্থের চেয়ে ঝুঁকি ও অসহায়ত্ব ক্রমাগত ও দ্রুতগতিতে বৃদ্ধি পাচ্ছে। ঝুঁকিহীন উন্নয়ন প্রক্রিয়াও নতুন নতুন ঝুঁকি সৃষ্টি করছে এবং বিশেষত সমাজ পর্যায়ে স্বল্প, মধ্যম ও দীর্ঘ মেয়াদি অর্থনৈতিক, সামাজিক, স্বাস্থ্যগত, সাংস্কৃতিক এবং পরিবেশগত ক্ষয়-ক্ষতির পরিমাণ পর্যায়ক্রমে বাড়িয়েই চলেছে[২]।

জাতীয়, আঞ্চলিক ও বৈশ্বিক পর্যায়ে বিদ্যমান দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনার সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় প্রতিবন্ধী ব্যক্তিদের অংশগ্রহণ, একীভূতকরণ ও মূলধারায়নে ব্যর্থ হচ্ছে। ইউএনআইএসডিআর[৩] পরিচালিত 'প্রতিবন্ধিতা ও দুর্যোগের সাথে বসবাস' বিষয়ক প্রথম বিশ্ব জরিপে অংশগ্রহণকারী **১৩৭টি** দেশের ৮৫% এরও বেশি প্রতিবন্ধী ব্যক্তি বলেছেন যে, তারা সমাজ ভিত্তিক দুর্যোগ ঝুঁকিহ্রাস ব্যবস্থাপনা প্রক্রিয়ায় অংশগ্রহণ করেননি। জরিপে অর্ধেকেরও বেশি অংশগ্রহণকারী এ ধরনের প্রক্রিয়ায় অংশগ্রহণে আগ্রহ প্রকাশ করেন।

জলবায়ু পরিবর্তন আনুপাতিক হারে বিশ্বের দরিদ্র জনগোষ্ঠীকে অধিকতর ক্ষতিগ্রস্ত করবে বলে অনুমান করা হয়। বিশ্বব্যাপী দরিদ্রতম জনগোষ্ঠীর ২০% প্রতিবন্ধী ব্যক্তি। ধারণা করা হয় ৮২% প্রতিবন্ধী ব্যক্তি উন্নয়নশীল দেশসমূহে দারিদ্রসীমার নিচে রয়েছে[৪]।

**আমরা জানি যে** প্রতিবন্ধিতা মানব বৈচিত্র্যের অংশ এবং প্রতিবন্ধী ব্যক্তিদের চাহিদাও ভিন্ন ভিন্ন হবে। এই বৈচিত্র্য এবং চাহিদার ভিন্নতা দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনার সকল দিক থেকেই বিবেচনা করা প্রয়োজন।

**আমরা স্বীকার করি:**

- প্রতিবন্ধী ব্যক্তি এবং তাদের প্রতিষ্ঠানসমূহের পাশাপাশি অন্যান্য সম্পৃক্তমহলের সক্রিয় অবদান, যারা দুর্যোগ ঝুঁকি হ্রাসের পক্ষে সক্রিয় ভূমিকা পালন করেছিলেন এবং সেন্দাই কর্মকাঠামো ২০১৫-২০৩০ উন্নয়নে সহায়তা করেছিলেন।
- টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (এসডিজি) সাথে 'প্রতিবন্ধিতা বান্ধব দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা' কে সংযুক্ত করা খুবই গুরুত্বপূর্ণ, কারণ, একীভূতকরণ পুরো সমাজের দুর্যোগ মোকাবেলার সক্ষমতা বৃদ্ধি ও উন্নয়নের সুফলকে নিরাপদ এবং দুর্যোগে ক্ষয়-ক্ষতির পরিমাণ হ্রাস করে।

[১] Report on 2011 disaster of Japan

[২] Sendai Framework for Disaster Risk Reduction (SFDRR)

[৩] Conducted in 2013, and published in 2014

[8] Building Community Resilience: The rights of Groups in Focus, 15 March 2015, www.ohchr.org/Documents/Issues/IDPersons

**আমরা স্মরণ করিঃ**

১. জাতিসংঘ প্রতিবন্ধী ব্যক্তিবর্গের অধিকার সনদের (ইউএনসিআরপিডি) নীতিমালা এবং অনুচ্ছেদসমূহ যা আহ্বান করে সকল মানুষের সহজাত মর্যাদা, সমান এবং অবিচ্ছেদ্য অধিকার, প্রতিবন্ধী ব্যক্তিদের সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ায় পূর্ণ এবং কার্যকর অংশগ্রহণ, বৈষম্যহীনতা, সুরক্ষা, প্রবেশগম্যতা, সুযোগের সমতা, ব্যক্তি স্বাতন্ত্রের প্রতি শ্রদ্ধা এবং স্বাধীনতা।

২. ২০১৫ পরবর্তী উন্নয়ন কর্মসূচি ঘিরে দুর্যোগের ঝুঁকিহ্রাস বিষয়ক সেন্দাই কর্মকাঠামো ২০১৫ - ২০৩০ হলো প্রথম উল্লেখযোগ্য একটি চুক্তি, যার মধ্যে জনগণ কেন্দ্রিক কর্মপন্থা ও প্রতিবন্ধিতা বিষয়টির একীভূতকরণসহ কার্যক্রম গ্রহণের জন্য ৪টি অগ্রাধিকার, ৭টি লক্ষ্য, ১৩টি নির্দেশক নীতি অন্তর্ভূক্ত রয়েছে।

৩. টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) যা আহ্বান করে, ‘সব ক্ষেত্রে সব ধরনের দারিদ্রতার পরিসমাপ্তির’, ‘২০৩০ সালের মধ্যে জলবায়ু সম্পর্কিত চরম ঘটনাসমূহ এবং অন্যান্য অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশগত আঘাত ও দুর্যোগসমূহ মোকাবেলার জন্য দরিদ্র ও অসহায় পরিস্থিতির শিকার এমন জনগোষ্ঠীর সক্ষমতা সৃষ্টি করার’ এবং ‘জলবায়ু পরিবর্তন ও এর প্রভাব প্রতিরোধে জরুরি কর্মসূচি গ্রহণ করার’।

## ঘোষণা

আমরা, প্রতিবন্ধিতা ও দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক ঢাকা সম্মেলনে অংশগ্রহণকারী, ১৮টি দেশ, সরকার, ইউএনআইএসডিআর, প্রতিবন্ধী ব্যক্তি ও দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা নিয়ে কর্মরত আঞ্চলিক এবং আন্তর্জাতিক বেসরকারি সংগঠন, পেশাজীবী ও শিক্ষাবিদ, প্রতিবন্ধী ব্যক্তিদের দল ও সংগঠন, দ্বি-পাক্ষিক ও বহু-পাক্ষিক উন্নয়ন সংস্থা এবং অন্যান্য উন্নয়ন খাতের প্রতিনিধিত্বকারীগণ ১২-১৪ ডিসেম্বর ২০১৫ তারিখে বাংলাদেশের রাজধানী ঢাকায় সমবেত হয়ে নিম্ন লিখিত বিবৃতিতে একমত হয়েছি:

> ***সাদুবাদ জানাই*** *গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, সেন্টার ফর ডিজএ্যাবিলিটি ইন্ ডেভেলপমেন্ট (সিডিডি) এবং জাতীয় প্রতিবন্ধী ফোরাম (এনএফওডাব্লিউডি)'কে ইউএনআইএসডিআর এর সাথে যৌথ উদ্যেগে এবং আরো অনেক সংস্থার সহযোগিতায় ঢাকা সম্মেলন আয়েজেনের জন্য;*

> ***স্মরণ করি*** *প্রতিবন্ধিতা ও দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক ঢাকা সম্মেলনের উপস্থাপনা এবং অধিবেশন সমূহ, যা প্রধান প্রতিপাদ্য- '২০১৫ পরবর্তী প্রতিবন্ধিতা বান্ধব দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা এবং স্থানীয়, জাতীয়, আঞ্চলিক ও বৈশ্বিক পর্যায়ে দুর্যোগে সবচেয়ে বেশি ঝুঁকিতে রয়েছে এমন জনগোষ্ঠীর সুরক্ষা ও একীভূতকরণ উন্নয়ন কর্মসূচি', তুলে ধরেছে;*

> ***স্বীকার করি*** *যে, যারা সামঞ্জস্যহীনভাবে দুর্যোগে আক্রান্ত এবং বিপদসংকুল ও ঝুঁকিপূর্ণ পরিবেশে যাদের জীবনযাপন করতে হয়, তাদের জন্য একীভূত ও কার্যকর দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনার কাজটি হবে অংশীদারিত্বমূলক, একই মূল্যবোধ ও সাধারণ বিবেচনার উপর প্রতিষ্ঠিত;*

> ***লক্ষ্য করি*** *যে, সামাজিক-লিঙ্গ, প্রতিবন্ধিতা, বয়স, সংস্কৃতি, আর্থ-সামাজিক উপাদানসমূহ, ভৌগোলিক অবস্থান, সুশাসনের মাত্রা, সচেতনতার অভাব এবং আন্তঃসমাজ যোগাযোগের অভাবের (যুবার সাথে প্রবীণের, নারীর সাথে পুরুষের, শিশুর সাথে পূর্ণবয়ষ্ক ব্যক্তির) কারণে ব্যক্তি ও জনগোষ্ঠীসমূহের উপর দুর্যোগের প্রভাব ভিন্ন ভিন্ন হয়,*

> ***উপলব্ধি করি*** *যে, বিদ্যমান দুর্যোগের ঝুঁকিহ্রাস, নতুন ঝুঁকি সৃষ্টি প্রতিরোধ, দুর্যোগ মোকাবেলায় সক্ষম সমাজ গঠন এবং একীভূত দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনায় ক্রমবর্ধমান বিনিয়োগকে আরো বৃদ্ধির জন্য উপযোগী স্থানীয়, জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক কার্যকর সহযোগিতাকে উৎসাহিত করার পরিবেশ তৈরির লক্ষ্যে নীতিমালা এবং প্রাসঙ্গিক ও উপযুক্ত আইন ও প্রবিধান আবশ্যক;*

> ***পুনঃসংহতি প্রকাশ করছি*** *সেন্দাই কর্মকাঠামোসহ আন্তর্জাতিক, আঞ্চলিক, জাতীয় ও স্থানীয় পর্যায়ে দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা কর্মকাঠামোসমূহ এবং অসহায়ত্ব, ঝুঁকি, বৈষম্য, বঞ্চনা, অসমতা, বিচ্ছিন্নতা ও প্রান্তিকতা মোকাবেলার জন্য প্রতিবন্ধী ব্যক্তিবর্গের অধিকার সনদের প্রতি সরকার এবং স্বাক্ষরকারী রাষ্ট্রসমূহের দেয়া অঙ্গীকারসমূহের প্রতি।*

**উপরে উত্থাপিত বিষয়সমূহের উপর পুনরায় গুরুত্বারোপ করে, আমরা**
**সকল সরকার এবং অন্যান্য সম্পৃক্তমহলকে আহ্বান জানাচ্ছি:**

গণমুখী কর্মপন্থার অবলম্বন নিশ্চিত করতে-

১. দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনার সকল কার্যক্রমে প্রতিবন্ধী ব্যক্তিদের অংশগ্রহণ, একীভূতকরণ এবং নেতৃত্ব নিশ্চিত করতে জাতিসংঘ প্রতিবন্ধী ব্যক্তিবর্গের অধিকার সনদের (ইউএনসিআরপিডি) নীতিমালা ও অন্যান্য মানবাধিকার চুক্তিসমূহ বাস্তবায়ন করুন।

***সুনির্দিষ্ট কর্মোদ্যোগঃ*** *২০১৭ সালের মধ্যে প্রতিটি অঞ্চলে কমপক্ষে দুইটি দেশে সকল পর্যায়ের দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটিসমূহে প্রতিবন্ধী ব্যক্তিদের সামাজিক-লিঙ্গ সংবেদনশীল প্রতিনিধিত্ব থাকবে।*

২. স্থানীয়, জাতীয়, আঞ্চলিক ও বৈশ্বিক পর্যায়ে সেন্দাই কর্মকাঠামো বাস্তবায়নে প্রতিবন্ধী ব্যক্তি এবং প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠনসমূহকে (ডিপিও) অর্থবহভাবে সম্পৃক্ত করুন।

***সুনির্দিষ্ট কর্মোদ্যোগঃ*** *২০১৭ সালের মধ্যে প্রতিটি অঞ্চলে কমপক্ষে দুইটি দেশ দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা কার্যক্রম এবং প্রতিবন্ধী ব্যক্তিদের অংশগ্রহণ ও নেতৃত্ব সীমাবদ্ধ করে এমন বাধাসমূহ সনাক্ত, হ্রাস এবং দূরীকরণের জন্য একীভূত 'সমাজভিত্তিক দুর্যোগ ঝুঁকি নিরূপণ ও দুর্যোগ ঝুঁকি প্রশমন কর্ম পরিকল্পনা'* ***(কমিউনিটি রিস্ক অ্যাসেসমেন্ট এন্ড রিস্ক রিডাকশন অ্যাকশান প্লান)*** *কর্মকাঠমো এবং নির্দেশনা প্রণয়ন করবে।*

সুশাসন, অংশীদারিত্ব ও সহযোগিতা জোরদার করতে-

৩. দুর্যোগে অসহায়ত্ব এবং সম্ভাব্য ক্ষয়ক্ষতির মাত্রা হ্রাস ও প্রতিরোধ করার লক্ষ্যে সেন্দাই কর্মকাঠামোর সর্বস্তরে একীভূতকরণের কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করতে একযোগে কাজ করার জন্য সরকার (স্থানীয় ও জাতীয়), উন্নয়ন প্রতিনিধি, জাতিসংঘ, বেসরকারি সংগঠন, সমাজ ভিত্তিক সংগঠন, প্রতিবন্ধী ব্যক্তি, প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠন, বিভিন্ন পেশাজীবি, সচেতন নাগরিক সমাজ, শিক্ষা প্রতিষ্ঠান, ব্যক্তিগত খাত এবং গুরুত্বপূর্ণ সম্পৃক্তমহল সমূহের মধ্যে সহযোগিতা বৃদ্ধি করুন।

***সুনির্দিষ্ট কর্মোদ্যোগঃ*** *২০১৭ সালের মধ্যে প্রতিটি অঞ্চলে কমপক্ষে পাঁচটি দেশ প্রতিবন্ধী ব্যক্তি, প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠন, সমাজ ভিত্তিক সংগঠন, বেসরকারি সংগঠন, জাতিসংঘ, শিক্ষা প্রতিষ্ঠান, ব্যক্তিগত খাত এবং উন্নয়ন প্রতিনিধিদের মাধ্যমে সেন্দাই কর্মকাঠামো বাস্তবায়নের জন্য একটি বহুপক্ষীয় প্ল্যাটফর্ম স্থাপন করবে বা করতে সহায়তা প্রদান করবে।*

লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতার শ্রেণিভিত্তিক উপাত্ত সমন্বিত করতে-

৪. দুর্যোগ-পূর্ব ও পরবর্তী অবস্থার লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতার শ্রেণিভিত্তিক উপাত্ত সংগ্রহে সরকার ও অন্যান্য সম্পৃক্তমহল যেন একটি কার্যকর কর্মপদ্ধতি প্রতিষ্ঠা করে তা নিশ্চিত করুন।

***সুনির্দিষ্ট কর্মোদ্যোগঃ*** *২০১৭ সালের মধ্যে প্রতিটি অঞ্চলে কমপক্ষে দুইটি দেশ দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনার সকল পর্যায়ের নীতিনির্ধারক ও সংস্থাকে অবহিত করার জন্য দুর্যোগ-পূর্ব ও পরবর্তী অবস্থার লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতার শ্রেণিভিত্তিক উপাত্ত বিন্যস্ত করতে একটি কার্যকর কর্মপদ্ধতি ও নির্দেশনা প্রতিষ্ঠা করবে।*

ক্ষমতায়ন ও সুরক্ষা প্রবর্তন করতে-

৫. পূর্বসতর্ককরণ ও দুর্যোগ প্রস্তুতি পরিকল্পনা পরিচালনা করে এমন সমাজ-ভিত্তিক একীভূত দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা পদক্ষেপ, ঝুঁকি নির্ণয় ও তথ্য-ব্যাংক সমূহকে সহায়তা করুন যা স্থানীয়, জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে তথ্য অবহিত করবে যেন তা সকলের জন্য প্রবেশগম্য হয়।

***সুনির্দিষ্ট কর্মোদ্যোগঃ*** *২০১৭ সালের মধ্যে প্রতিটি অঞ্চলে কমপক্ষে দুইটি দেশ স্থানীয় ও জাতীয় সম্পৃক্তমহলকে সহায়তা করতে গণমূখী বহু-বিপদ পূর্বসতর্ককরণ প্রক্রিয়া উন্নয়ন করবে।*

প্রতিবন্ধী ব্যক্তিদের উপর দুর্যোগের প্রভাব হ্রাসের ক্ষেত্রে বাধা অপসারণ করতে-

৬. 'উন্নততর নির্মাণ'[৫] (বিল্ড বেটার) পন্থা ও দুর্যোগ সহনক্ষম সর্বজনিন রূপরেখার নির্দেশনা অনুসারণ করে সব ধরনের বাধা (সাংস্কৃতিক, সামাজিক, অর্থনৈতিক, প্রক্রিয়াগত, কাঠামোগত, যোগাযোগ এবং আচরণগত) অপসারণের মাধ্যমে স্থানীয় ও জাতীয় পর্যায়ে প্রতিবন্ধী ব্যক্তিদের আত্ম-নির্ভরতা বৃদ্ধি করুন এবং একীভূত মানবিক সাড়া প্রদানে ও দুর্যোগ ঝুঁকিহ্রাসে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) ভিত্তিক হাতিয়ার, উপকরণ, সহজলভ্য প্রযুক্তির প্রতিরূপ ব্যবহারে সহায়তা প্রদান করুন।

*সুনির্দিষ্ট কর্মোদ্যোগঃ*

- *২০১৭ সালের মধ্যে প্রতিটি অঞ্চলে কমপক্ষে দুইটি দেশ সর্বজনিন রূপরেখার নীতি অনুসরণ করে বিদ্যালয়, হাসপাতাল এবং আশ্রয়কেন্দ্রসহ প্রবেশগম্য ও দুর্যোগ সহনক্ষম ভৌত-অবকাঠামো নির্মাণের আদর্শ স্থাপন করবে ও স্থানীয় পর্যায়ে এর প্রচলন করবে এবং এর থেকে শিখনসমূহ আঞ্চলিক ও বৈশ্বিক পর্যায়ের আলোচনায় উপস্থাপন করবে।*
- *২০১৭ সালের মধ্যে প্রতিটি অঞ্চলে কমপক্ষে দুইটি দেশ একীভূত মানবিক সাড়া প্রদানের জন্য প্রবেশগম্য এবং সাশ্রয়ী মূল্যের প্রযুক্তি, সরঞ্জাম ও যন্ত্রপাতির প্রতিরূপ ব্যবহারে সহায়তা নিশ্চিত করবে।*

---

[৫]পরিভাষাটি দুর্যোগের সময় খুব কম ক্ষতিগ্রস্থ হবে এমন সক্ষম অবকাঠামো বোঝায় এবং ঝুঁকি হ্রাসে কর্মোদ্যোগ নির্দেশ করে।

স্থানীয় থেকে জাতীয় ও বৈশ্বিক পর্যায়ে সক্রিয় হতে-

৭. ঢাকা ঘোষণা, ডিসেম্বর ২০১৫ সূত্র হিসেবে ব্যবহার, উপস্থাপন এবং অনুমোদনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করুন এবং সেন্দাই কর্মকাঠামো বাস্তবায়নে জাতীয়, আঞ্চলিক ও বৈশ্বিক রূপরেখা, কর্মপরিকল্পনা, সূচক এবং পরিভাষা উন্নয়নে এই ঘোষণাকে বিবেচনা করুন।

***সুনির্দিষ্ট কর্মোদ্যোগ:*** *২০১৬ সালের বিশ্ব মানবিক সম্মেলনে, ২০১৬ ও ২০১৭ সালের আঞ্চলিক দুর্যোগ ঝুঁকিহ্রাস (ডিআরআর) বিষয়ক মঞ্চসমূহে, সেন্দাই কর্মকাঠামোর প্রথম বৈশ্বিক মঞ্চ ২০১৭'তে এবং অন্যান্য জাতীয়, আঞ্চলিক এবং বৈশ্বিক পদক্ষেপসমূহে ঢাকা ঘোষণাকে সূত্র হিসেবে উল্লেখ এবং অনুমোদন করুন।*

৮. রাষ্ট্রীয় পর্যায়ে একীভূত দুর্যোগের ঝুঁকিহ্রাস *(ডিআরআর)* বিষয়ক একজন ফোকাল পয়েন্ট ঘোষণা করুন এবং এই ঘোষণা ও একীভূত সেন্দাই কর্মকাঠামো বাস্তবায়নের অগ্রগতির পর্যালোচনাকে অগ্রাধিকার দিয়ে প্রতিবন্ধিতা ও দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক ভবিষ্যৎ সম্মেলন আয়োজনের জন্য সরকার, জাতীয় ও আঞ্চলিক পর্যায়ের প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠন, দুর্যোগের ঝুঁকিহ্রাস ও প্রতিবন্ধিতা নিয়ে কর্মরত সংগঠনসমূহ এবং ইউএনআইএসডিআর সম্মিলিত পদক্ষেপ গ্রহণ করবে।

***সুনির্দিষ্ট কর্মোদ্যোগ:*** *২০১৭ সালের মধ্যে প্রতিটি অঞ্চলে কমপক্ষে পাঁচটি দেশ ইউএনআইএসডিআর দ্বারা গঠিতব্য একীভূত দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক এ্যাডভোকেসি গ্রুপে প্রতিনিধিত্ব করার জন্য ফোকাল পয়েন্টদের নিয়োগ দিবে এবং এ ঘোষণার সুনির্দিষ্ট কর্মোদ্যোগসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনার জন্য প্রতিবন্ধিতা ও দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক দ্বিতীয় সম্মেলন আয়োজনে জাতীয় ও আঞ্চলিক পর্যায়ের* প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠনসমূহ, *প্রতিবন্ধিতা ও দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা নিয়ে কর্মরত সংগঠনসমূহ এবং জাতীয় সরকার যৌথভাবে এগিয়ে আসবে।*

**তথ্য সূত্র:**


১. Sendai Framework for Disaster Risk Reduction (SFDRR) 2015-2030
২. Survey on 'Living with Disability and Disasters' conducted by UNISDR, 2013 (published in 2014)
৩. Disaster Reports from 2004-2014
৪. United Nations Convention on the Rights of Persons with Disabilities (UNCRPD) 2006
৫. Building Community Resilience: The rights of Groups in Focus, 15 March 2015, www.ohchr.org/Documents/Issues/IDPersons
৬. Sustainable Development Goals (SDG) 2015-2030
৭. Japan disaster report 2011



**Translated By**
Sk. Md. Faisal Hossain
Assistant Coordinator, Centre for Disability in Development (CDD)

**Supervised By**
A. H. M. Noman Khan
Executive Director, Centre for Disability in Development (CDD)

**Supported By**
Anika Rahman Lipy
Assistant Director, Centre for Disability in Development (CDD)

**Edited by**
Md. Quamrul Hasan
Joint Secretary(DMP), Ministry of Disaster Management and Relief (MoDMR)